

এগিয়ে এলো এআইইউ

ইকফাই-এ জাতীয়

কর্মশালা শুরু আজ

কামালঘাট, ৩০ নভেম্বর :

ত্রিপুরায় এই প্রথম শিক্ষাব্যবস্থা সংক্রান্ত কোন কর্মশালা আয়োজনে এগিয়ে এলো সর্বভারতীয় বিশ্ববিদ্যালয় সমিতি বা এসোসিয়েশন অব ইন্ডিয়ান ইউনিভার্সিটিস। শনিবার থেকে ইকফাই বিশ্ববিদ্যালয়ের কামালঘাটস্থিত ক্যাম্পাসে শুরু হচ্ছে ‘ইমার্জিং ট্রেন্ডস্ ইন ইনফরমেশন টেকনোলজি ইন ইউনিভার্সিটি ম্যানেজমেন্ট’ শীর্ষক ৩-দিনব্যাপি জাতীয় এক কর্মশালা। এই কর্মশালা আয়োজনে ও সফল ব্যবস্থাপনায় এআইইউ আর্থিক সহায়তা প্রদানসহ সক্রিয় ভূমিকা নিয়েছে।

আগামীকাল সকাল ১০টায় কর্মশালার আনুষ্ঠানিক উদ্বোধন করবেন রাজ্যের তথ্য-প্রযুক্তি, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ এবং বিজ্ঞান প্রযুক্তি ও পরিবেশ দপ্তরের মন্ত্রী সুদীপ রায় বর্মণ। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থাকবেন কর্মশালার যুগ্ম আহ্বায়ক তথা সর্বভারতীয় বিশ্ববিদ্যালয় সমিতি-র উপ-নির্দেশক (গবেষণা) ডঃ অমরেন্দ্র পাণি। সন্মানিত অতিথির আসন অলংকৃত করবেন সর্বভারতীয় বিশ্ববিদ্যালয় সমিতি-র সহ-অধিকর্তা ডঃ উষা রাই নেগি। কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি অধ্যাপক বিপ্লব হালদার।

তিনদিনের কর্মশালায় মোট ৯টি প্রায়োগিক অধিবেশন এবং সমসংখ্যক প্রশ্নোত্তরপর্ব থাকছে। এগুলিতে উপস্থিত থাকবেন সারা দেশ থেকে আগত মোট ২৯জন বিশিষ্ট শিক্ষাবিদ এবং গবেষক প্রতিনিধি। বিশেষজ্ঞ বক্তা হিসাবে উপস্থিত থাকবেন মহারাষ্ট্র নলেজ কর্পোরেশন লিমিটেডের ডঃ সতীশ জেন্দে ও ডঃ অতুল ওয়াডেগাওঙ্কর, টাটা কনসালটেন্সী সার্ভিসেসের সম্রাট মুখার্জি, উইনো সিস্টেম অ্যান্ড সার্ভিসেসের রাজগোপাল ইয়াডাভেল্লি, এনআইসি আগরতলার নীলকমল দে পুরকায়স্থ, ত্রিপুরা ইনস্টিটিউট অব টেকনোলজির ডঃ বিজয় কুমার উপাধ্যায় এবং ইকফাই বিশ্ববিদ্যালয় ত্রিপুরার বিশিষ্ট শিক্ষক অধ্যাপক (ডঃ) প্রসেনজিৎ দাশগুপ্তা। কর্মশালার সফল রূপায়ণে সক্রিয় সহযোগিতার হাত বাড়িয়েছে লেঙ্গুহুডাস্থিত মৎস্য মহাবিদ্যালয় এবং রাজ্য সরকারের যুবকল্যাণ ও ক্রীড়া দপ্তর।

প্রেস বিবৃতি